গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ, বরিশাল।
www.food.barisaldiv.gov.bd

## আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশালের সভাকক্ষে গত ২২/০৯/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণীঃ

(ক) সভাপতি : মোঃ জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল।

(খ) তারিখ : ২২/০৯/২০২১ খ্রিঃ

(গ) সময় : বিকাল ০৩-০০ ঘটিকা

(ঘ) স্থান : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সভাকক্ষ।

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণের নামের তালিকা পরিশিষ্ট ''ক''-তে দেখানো হলো।

সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সকল সদস্য এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে সভাপতি স্বাগত জানান। অতঃপর সকলের সাথে কুশল বিনিময় শেষে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অন্তরায় ও প্রতিকার | সভাপতি আলোচনার শুরুতেই বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশলের মূল লক্ষ্য হলো শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। তাই শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে। সভাপতি বলেন, কর্মকর্তা-কর্মচারীগণের সদিচ্ছা থাকলে দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রমের পাশাপাশি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও বাস্তবায়ন সম্ভব। এরপর আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক এর লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন পরিস্থিতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনা শেষে সভাপতি নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন : | ১। দাপ্তরিক স্বাভাবিক কার্যক্রমের পাশাপাশি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনাও বাস্তবায়ন সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী। |
| | | ১। খাদ্য অধিদপ্তর হতে মেরামত ও উন্নয়ন কাজের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের অনকূলে আর্থিক বিভাজন প্রাপ্তি সাপেক্ষ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ২। খাদ্য অধিদপ্তর হতে মেরামত ও উন্নয়ন কাজের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের অনকূলে আর্থিক বিভাজন প্রাপ্তি সাপেক্ষ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপ-বিভাগীয় প্রকৌশলী/আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা ও নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। |
| | | ২। বিদ্যুৎ ও পানির সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ৪র্থ শ্রেণির একজন কর্মচারীকে দায়িত্ব প্রদানের দাপ্তরিক আদেশ জারী করতে হবে। | ৩। বিদ্যুৎ ও পানির সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে ৪র্থ শ্রেণির একজন কর্মচারীকে দায়িত্ব প্রদানের দাপ্তরিক আদেশ জারী করতে হবে। | প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। |
| | | ৩। শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে আওতাধীন দপ্তরসমূহকে তাগিদপত্র প্রদান করতে হবে। | ৪। শুদ্ধাচার বাস্তবায়নের বিষয়ে আওতাধীন দপ্তরসমূহকে তাগিদপত্র প্রদান করতে হবে। | প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। |
| | | ৪। কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি ও ত্যাগ নিশ্চিতকরণের নিমিত্ত একজন কর্মকর্তা/কর্মচারীকে তদারীকর দায়িত্ব প্রদান | ৫। কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি ও ত্যাগ নিশ্চিতকরণের নিমিত্ত একজন | প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, |



মোঃ মিজানুর রহমান
প্রধান সহকারী

মোঃ জাহাঙ্গীর আলম
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
বরিশাল বিভাগ, বরিশাল।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সংক্রান্ত অফিস আদেশ জারী করতে হবে। | কর্মকর্তা/কর্মচারীকে তদারীকর দায়িত্ব প্রদান সংক্রান্ত অফিস আদেশ জারী করতে হবে। | বরিশাল। |
| | | ৫। নৈতিকতা সম্পর্কিত পোস্টার/লিফলেট/ভাজ তৈরির ও বিলির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৬। আগামী ০৭ দিনের মধ্যে ৫০ (পঞ্চাশটি) নৈতিকতা সম্পর্কিত পোস্টার/লিফলেট/ভাজ তৈরি ও বিলির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নেজারত শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। |
| | | ৬। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ১ম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৭/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | ৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ এর ১ম ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৭/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | প্রশাসন শাখা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল। |
| ২ | মাঠপর্যায়ের অফিস সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সভাপতি উপস্থিত জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে অন্তরায় ও প্রতিকার সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্তের ন্যায় স্ব-স্ব দপ্তরসহ আওতাধীন দপ্তরসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশলী কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ বাস্তবায়নের জন্য অনুরোধ করেন। সভাপতি আরও জানান যে, আওতাধীন সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক বাস্তবায়ন এবং কোয়ার্টার ভিত্তিক নৈতিকতা কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য খাদ্য অধিদপ্তরের সংস্থাপন শাখার ০৯/০৯/২১ তারিখের ৯৭১ নং স্মারকমূলে অনুরোধ করা হয়েছে; যা ইতোমধ্যে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহের অনুকূলে পৃষ্ঠাংকন করা হয়েছে। সে আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর সাথে প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনাটি আলাদাভাবে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে প্রেরণ করতে বলেন। পাশাপাশি কোয়ার্টার ভিত্তিক নৈতিকতা কমিটির সভা আয়োজনসহ কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১) বরিশাল বিভাগের জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর সাথে প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল পরিকল্পনাটি আলাদাভাবে আগামী ৭ (সাত) দিনের মধ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে প্রেরণ করতে হবে।<br>২) কোয়ার্টার ভিত্তিক নৈতিকতা কমিটির সভা আয়োজনসহ কর্মপরিকল্পনা বাস্তবায়নের কোয়ার্টার ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত ও যথাসময়ে প্রেরণ করতে হবে। | বরিশাল বিভাগের সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক। |

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৯/২১

(মোঃ জাহাঙ্গীর আলম)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
বরিশাল বিভাগ, বরিশাল।
ফোন : ০৪৩১-৬১০১২
e-mail : rcf.bsl@dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.২৪০.০৬.০২৫.০৫. ২৫৫

তারিখঃ ২৭/০৯/২০২১ খ্রিঃ।

সদয় অবগতি/কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ-

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল/ঝালকাঠি/পিরোজপুর/ভোলা/পটুয়াখালী/বরগুনা।
৩। উপ-বিভাগীয় প্রকৌশলী (এসডিই), অত্র দপ্তর।

৪। সহকারী রসায়নবিদ, অত্র দপ্তর।
৫। আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল।
৬। শাখা প্রধান, হিসাব/মজুদ/নেজারত/বাণিজ্যিক/অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা, অত্র দপ্তর।
৭। অফিস কপি।

২৭/৯/২০

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
বরিশাল বিভাগ, বরিশাল।

২৭/৯/২০